দৈনিক বাংলা

শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 24 JUL 1988 5 7
পৃষ্ঠা ... কলাম ...

U

(20)

## পথকলি ট্রাস্ট একটি প্রশংসনীয় পদক্ষেপ

মহামান্য রাষ্ট্রপতি হোসেইন মুহম্মদ এরশাদ কর্তৃক 'পথকলি ট্রাস্ট' গঠন একটি অতি প্রশংসনীয় এবং যুগান্তকারী পদক্ষেপ। এজন্য তাঁকে আমরা আন্তরিক ধন্যবাদ জানাই। এই ট্রাস্টের অন্যতম সদস্য হিসাবে দেশের জনপ্রিয় ও খ্যাতিমান সাবেক ফুটবল খেলোয়াড় সালাহউদ্দীনকে অন্তর্ভুক্ত করে বিচক্ষণতার পরিচয় দেয়া হয়েছে। আমরা বিশ্বাস করি ও আশা পোষণ করি যে জনাব সালাহউদ্দীন এই পথকলি ট্রাস্টের সেবায় যথার্থভাবে আত্মনিয়োগ করতে সক্ষম হবেন। এবং আমাদের অবহেলিত শিশুরা একজন বিখ্যাত ফুটবল তারকার সাথে ঘনিষ্ঠভাবে মেশার ও কাজ করার সুযোগ পেয়ে অত্যন্ত আনন্দিত ও উৎসাহিত হয়ে উঠবে। তাছাড়া এতে ট্রাস্টের প্রতি তাদের বিশ্বাসও জন্মাবে। অন্যাদিকে সালাহউদ্দীনের এই ট্রাস্টে জড়িত থাকার দরুন দেশের অনেক বিত্তবান ও ফুটবলপ্রিয় লোক এর প্রতি আকৃষ্ট হবেন এবং অবহেলিত শিশুদের সাহায্যে এগিয়ে আসবেন।

অতএব ফুটবল কোচ জনাব সালাহউদ্দীনকে পথকলি ট্রাস্টের সদস্য মনোনীত করার জন্যও কর্তৃপক্ষকে আমরা মোবারকবাদ জানাই।

মো, সালমা, মালা, সামির
২২/১১, তাজমহল রোড,
মোহাম্মদপুর, ঢাকা।

## চ্যান্সেলর পুরস্কার চাই

দুই বৎসর আগে মহামান্য রাষ্ট্রপতি মেধাবী ছাত্রদের উৎসাহিত করার জন্য সকল বিশ্ববিদ্যালয়ের সকল বিভাগের প্রথম শ্রেণীতে প্রথম ও সব কটি বোর্ডের মেধাতালিকায় অবস্থানরত ছাত্রছাত্রীদের বঙ্গভবনে অনুষ্ঠানের মাধ্যমে চ্যান্সেলর পুরস্কার প্রদান শুরু করেছিলেন। এতে উৎসাহিত হয়ে মেধাবী ছাত্ররা লেখাপড়ায় বেশী করে মনোনিবেশ করতে শুরু করে। কিন্তু গত বৎসরের ও এবারের পুরস্কার এখনও প্রদান করা হচ্ছে না। বুঝতে পারছি না, ব্যবস্থাটা বন্ধ করে দেয়া হলো কিনা। আমরা মনে করি এটা বহাল রাখা উচিৎ। এতে মেধাবী ছাত্ররা প্রতিযোগিতার মনোভাব নিয়ে পড়াশোনায় আত্মনিয়োগ করবে এবং ফলে তাদের মেধার আরো বিকাশ ঘটবে। তাই কর্তৃপক্ষের কাছে আবেদন, চ্যান্সেলর পুরস্কার প্রদান অব্যাহত রেখে ছাত্রছাত্রীদের তাদের মেধার বিকাশে উৎসাহিত করুন।

আমির হোসেন,
৪০৯/বঙ্গবন্ধু হল,
ঢা বি।